

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লীভবন”

৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্বতন্ত্র প্রতিবেদন প্রকাশনা
১৩/৬/১৯
১৩/৬/১৯
১৩/৬/১৯

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪০৮.১৬.০০১.১৯-৬১০৯

তারিখ: ৩০ জুন, ২০১৯ খ্রিঃ।

বিষয়: ২০১৮-১৯ অর্থবছরে প্রকাশিতব্য বার্ষিক প্রতিবেদনে সন্নিবেশনের লক্ষ্যে তথ্য সরবরাহ।

উর্পযুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরডিবি'র ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের কাজ শুরু হয়েছে। প্রকাশিতব্য প্রতিবেদনে অন্তর্ভুক্তির নিমিত্ত সংযুক্ত “ছক”মোতাবেক তথ্য সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো:

১। সদর দপ্তরের বিভিন্ন বিভাগের ২০১৮-১৯ অর্থবছরের শাখাওয়ারী অর্জন, ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক পরিকল্পনা, বিআরডিবি'র ম্যাডেট অর্জনে সংশ্লিষ্ট বিভাগের উল্লেখযোগ্য অর্জন, স্বীকৃতি, পুরস্কার প্রাপ্তির তথ্যাদি (যদি থাকে) উল্লেখ করতে হবে;

২। (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এর আওতায় বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প (খ) বিআরডিবি'র নিজস্ব ব্যবস্থাপনায় পরিচালিত প্রকল্প/কর্মসূচিসমূহ (গ) অন্যান্য মন্ত্রণালয়/উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে বাস্তবায়িত সমাপ্ত প্রকল্প/কর্মসূচি সমূহের উদ্দেশ্য, আর্থিক ও বাস্তব অগ্রগতি সংযুক্ত “ছক”অনুযায়ী প্রেরণ করতে হবে;

৩। বিআরডিবি'র প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ, যথা- (১)বিআরডিটিআই, (২)এনআরডিটিসি, (৩)ভলিউটিসি এর ইতিহাস, ঐতিহ্য, সম্পদ, সুবিধাদি এবং কার্যক্রমের তথ্যাদি সংযুক্ত “ছক”অনুযায়ী ছবিসহ সরবরাহ করতে হবে;

৪। জেলা পর্যায়ে উপপরিচালকগণ বিআরডিবিভুক্ত সুফলভোগিগণের ব্যতিক্রমধর্মী সফলতার কাহিনী বাছাই পূর্বক প্রতি জেলা হতে কমপক্ষে ২টি প্রতিবেদন প্রেরণ করবেন। উল্লেখ্য এধরনের তথ্য/সফলতরে কাহিনী যাতে গতানুগতিক বা বাস্তবতা বর্জিত না হয় এ বিষয়ে সতর্কতা অবলম্বন করতে হবে। আইজিএ ভিত্তিক বাস্তব অগ্রগতি, প্রকল্প/কর্মসূচির নাম, জেলা, উপজেলা, সমিতি/দল, সফল সদস্যের নাম উল্লেখ করতে হবে। জেলা ও উপজেলা পর্যায়ে প্রকল্প/কর্মসূচির ইতিবাচক সংবাদ ও সফলতার প্রতিবেদন পত্রিকা বা অন্য কোন গণমাধ্যমে প্রকাশিত হয়ে থাকলে তার কপি প্রেরণ করা যেতে পারে। প্রশিক্ষণ বা অন্য কোন কর্মসূচিতে বিশিষ্ট ব্যক্তিবর্গ (মাননীয় মন্ত্রী, প্রতিমন্ত্রী, এমপি, উপজেলা চেয়ারম্যান, উর্দ্ধতন কর্তৃপক্ষ ইত্যাদি) যদি উপস্থিত থাকেন, তা হলে তাঁর ছবি বিবরণসহ প্রেরণ করা যেতে পারে;

৫। প্রেরিত ছবি অবশ্যই ডিজিটাল ক্যামেরার মাধ্যমে ধারণকৃত এবং বিবরণ যেমন- ছবির পিছনে সদস্যের নাম, দল/সমিতির নাম, কর্মসূচির নাম, জেলা ও উপজেলার নাম এবং সংশ্লিষ্ট কর্মকর্তার নামসহ সীল ও স্বাক্ষর থাকতে হবে;

৬। সকল প্রতিবেদন প্রমিত বাংলা ও ইংরেজিতে আলাদা আলাদা ভাবে প্রেরণ করতে হবে। ভাষা ও তথ্যের বিষয়ে উপপরিচালকগণের ব্যক্তিগত দৃষ্টি আকর্ষণ করা হলো। সর্বোপরি, যদি এমন কোন তথ্য থাকে যা বার্ষিক প্রতিবেদনে সংযোজনযোগ্য অথচ পরে উল্লেখ নেই তা পৃথকভাবে সরবরাহ করা যেতে পারে;

৭। উল্লেখ্য, প্রস্তুতকৃত প্রতিবেদনে সংযুক্ত ছবি jpg ফরমেটে সফটকপি ddevalu@brdb.gov.bd এই e-mail address এ এবং হার্ড কপি উপপরিচালক (গবেষণা ও মূল্যায়ন) বিআরডিবি ঢাকা, বরাবরে আগামী ১৫-০৭-২০১৯ এর মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো;

বিআরডিবি'র ২০১৮-১৯ অর্থবছরের প্রকাশিতব্য বার্ষিক প্রতিবেদনটি তথ্যসমৃদ্ধ আকারে যথাসময়ে প্রকাশের লক্ষ্যে আপনার সহযোগিতা একান্ত ভাবে কামনা করছি।

সংযুক্তঃ ছক-১৩টি।

১৩/৬/১৯
মোঃ ইসমাইল হোসেন
যুগ্মসচিব
পরিচালক, পরিকল্পনা (অঃদাঃ)

- ১। পরিচালক.....(সকল) বিআরডিবি, ঢাকা/ সিলেট।
২। প্রকল্প পরিচালক/ কর্মসূচি পরিচালক/নির্বাহী পরিচালক.....(সকল) বিআরডিবি.....।
৩। উপপরিচালক.....(সকল) জেলা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪০৮.১৬.০০১.১৯-৬১০৯

তারিখ: ৩০ জুন, ২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে

- ১। উপপরিচালক (প্রোগ্রামিং) বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক, মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস কপি।


১৩/৬/১৯
মোঃ সাজ্জাদুল ইসলাম
উপপরিচালক (গবেষণা ও মূল্যায়ন)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচী
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারকনং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.৮১০.১৫. ২৮৮(২)

তারিখ- ৩০/৬/২০১৯খ্রিঃ

সূত্রস্থ স্মারকে জারীকৃত পত্রালোকে আইজিএ ভিত্তিক স্থির চিত্রসহ সফল কাহিনী (সংক্ষিপ্ত আকারে) আগামী ১৪/০৭/২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে সফট কপি iresppwad@gmail.com এবং হার্ড কপি প্রকল্প সদর দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোহাম্মদ আশরাফুল হক আকন্দ
সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও বিপণন)
ফোন নং -০২-৮১৮৯০৩১

অনুলিপিঃ

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (কর্মসূচীভূক্ত ৫৯ উপজেলা), বিআরডিবি।
- ২। প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি (কর্মসূচীর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপপরিচালক, বিআরডিবি (কর্মসূচীভূক্ত ১৫ জেলা)।
- ৪। প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি (সদয় অবগতির জন্য)।
- ৫। অফিস কপি।